

**বুয়েটে ধর্মঘট
চলছে ॥ আজকের
পরীক্ষা স্থগিত**

(বুয়েটসংবাদদাতা)
গত শনিবার, প্রকৌশল বিশ্ব-
বিদ্যালয়ে সংঘটিত সজাসী ঘটনার
প্রতিবাদে শিক্ষক-কর্মচারীদের ধর্মঘট
বুয়েট : পৃঃ ১২ কঃ ৬

**বুয়েট : পরীক্ষা স্থগিত
(১ম পাতার পর)**

অব্যাহত রয়েছে। আজকে বিভিন্ন
বর্ষের যে সকল পরীক্ষা হওয়ার কথা
ছিল সেগুলো স্থগিত ঘোষণা করা
হয়েছে। এর সময়সূচী পরে জানানো
হবে এই মর্মে বিভিন্ন হলে নোটিশ
লাগানো হয়েছে।

প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক
সমিতির সভাপতি ডঃ জসীমুজ্জামানের
সাথে যোগাযোগ করা হলে তিনি
জানান, তারা বিশ্ববিদ্যালয়ে সংঘটিত
সজাসী ঘটনার ব্যাপারে প্রধানমন্ত্রীকে
অবহিত করেছেন। সরকার কি ব্যবস্থা
নেবে তা পর্যবেক্ষণ করে তারা তাদের
পরবর্তী কর্মসূচী নির্ধারণ করবেন।

আগামীকাল বুধবার শিক্ষক
সমিতির সভা আহ্বান করা হয়েছে বলে
সমিতির সাধারণ সম্পাদক জানান।

আরো নিন্দা

বিভিন্ন রাজনৈতিক দল,
পেশাজীবী ও ছাত্র সংগঠন প্রকৌশল
বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সজাসী ঘটনা
এবং রোববার শিক্ষকদের মিছিলে
পুলিশের বাধাদানের ঘটনার প্রতিবাদে
বিবৃতি দিয়েছে।

বাংলাদেশের কমিউনিস্ট পার্টির
সভাপতি সাইফউদ্দিন আহমদ মানিক
এক বিবৃতিতে বলেন, একদিকে
শিক্ষকদের সজাসী তৎপরতা নির্মূল
করার জন্য জাতীয় ঐকমত্যের কথা
বলা হচ্ছে অন্যদিকে সজাস রোধে
কোন কার্যকর পদক্ষেপ নেয়া হচ্ছে
না। তিনি বলেন, শিক্ষক-কর্মচারী-
অফিসারগণের শান্তিপূর্ণ প্রতিবাদ
মিছিলে পুলিশের বাধা ও নির্যাতন
অতীত সূচীচারণের কথা স্মরণ করিয়ে
দেয়।

বাংলাদেশের ওয়ার্কাস পার্টির
সভাপতি আবুল বাশার ও সাধারণ
সম্পাদক রাশেদ খান মেনন এক
বিবৃতিতে বুয়েটের সজাসী ঘটনার সাথে
যুক্ত ব্যক্তিদের ক্ষেত্রতার ও শান্তির
দাবী জানিয়ে বলেন, এই ঘটনার সাথে
একটি ছাত্র সংগঠনের নেতারা সরাসরি
জড়িত।

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন,
বাংলাদেশ-এর সভাপতি ও সাধারণ
সম্পাদক এক বিবৃতিতে প্রকৌশল
বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নাজেহাল
এবং শিক্ষকদের গাড়িতে অগ্নি-
সংযোগের ঘটনার নিন্দা করেন। তারা
ক্ষতিগ্রস্ত শিক্ষকদের ক্ষতিপূরণ দানের
দাবী জানান।

বাংলাদেশ পানি ও বিদ্যুৎ উন্নয়ন
বোর্ড প্রকৌশলী সমিতির এক সংবাদ
বিবৃতিতে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে
অগ্নিসংযোগ ও সহিংস সজাসী ঘটনা
এবং শিক্ষক-কর্মচারীদের মিছিলে
পুলিশী নির্যাতনের তীব্র প্রতিবাদ
জানানো হয়।

বাংলাদেশ ছাত্র ফেডারেশনের
কেন্দ্রীয় সভাপতি ফয়জুল হাকিম ও
সাধারণ সম্পাদক সৈয়দ জাহাঙ্গীর এক
বিবৃতিতে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের
শিক্ষক-কর্মচারীদের মিছিলে পুলিশী
হামলার নিন্দা জানান।

বাংলাদেশ ছাত্রলীগ (না-শ)
প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখার এক
বিবৃতিতে শিক্ষকদের মিছিলে পুলিশের
বলপ্রয়োগের ঘটনায় গভীর দুঃখ প্রকাশ
করা হয়।